

Visit of External Affairs Minister to Israel (October 17-21, 2021)

October 16, 2021

বিদেশমন্ত্রীর ইজরায়েল সফর (অক্টোবর 17-21, 2021)

অক্টোবর 16, 2021

বিদেশমন্ত্রী ডঃ এস জয়শংকর 17 থেকে 21 শে অক্টোবর 2021, তারিখে ইজরায়েলের পর্যায়ক্রমিক প্রধানমন্ত্রী এবং বিদেশমন্ত্রী হিজ এক্সেলেন্সি যায়ির লাপিডের আমন্ত্রণে সরকারি সফরে ইজরায়েল ভ্রমণ করবেন। বিদেশ মন্ত্রী হিসাবে এটাই ওনার প্রথম ইজরায়েল সফর হবে। ইজরায়েলের পর্যায়ক্রমিক প্রধান মন্ত্রী এবং বিদেশ মন্ত্রীর সাথে তিনি একটি দ্বিপাক্ষিক বৈঠক করবেন। তিনি রাষ্ট্রপতি, প্রধানমন্ত্রী এবং নেসেট স্পিকারের সাথেও সাক্ষাৎ করবেন।

2017 সালের জুলাই মাসে প্রধান মন্ত্রী শ্রী নরেন্দ্র মোদীর ঐতিহাসিক ইজরায়েল সফরকালে ভারত এবং ইজরায়েল কৌশলগত অংশীদারিত্বের সম্পর্ককে উন্নীত করেছে। তখন থেকে দুই দেশের মধ্যে সম্পর্ক, জ্ঞান ভিত্তিক অংশীদারিত্বের বিস্তারের প্রতি দৃষ্টি নিবদ্ধ করেছে, যার মধ্যে রয়েছে, 'মেক ইন ইন্ডিয়া, উদ্যোগ সহ উদ্ভাবন এবং গবেষণা ক্ষেত্রে সহযোগিতা।

বিদেশ মন্ত্রী, ভারতীয় বংশোদ্ভূত ইহুদি সম্প্রদায়, ভারতবিদ, বর্তমানে ইজরায়েলের বিশ্ববিদ্যালয়ে পাঠরত ভারতীয় ছাত্রছাত্রী এবং উচ্চপ্রযুক্তির শিল্পসহ ব্যবসায়ীদের সাথে আলাপ আলোচনা করবেন।

এই সফরটি এই অঞ্চলে সেইসব ভারতীয় বীর সৈন্য গণ বিশেষত যারা প্রথম বিশ্বযুদ্ধে প্রাণ বিসর্জন দিয়েছেন তাঁদের প্রতি শ্রদ্ধা জ্ঞাপনের একটি উপলক্ষও বটে।

নিউ দিল্লি

অক্টোবর 16, 2021

DISCLAIMER: This is an approximate translation. The original is available in English on MEA's website and may be referred to as the official press release.